

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪০৩৯  
আগরতলা, ০৫ ডিসেম্বর, ২০২৩

আগরতলার উষাবাজারে আমরুত প্রকল্পে ভূগর্ভস্থ জল পরিশোধন প্ল্যান্টের উদ্বোধন  
রাজ্যবাসীর মৌলিক সুবিধাগুলি প্রদানে সরকার অগ্রাধিকার দিয়ে কাজ করছে : মুখ্যমন্ত্রী

রাজ্যবাসীর মৌলিক সুবিধাগুলি প্রদানে সরকার অগ্রাধিকার দিয়ে কাজ করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নির্দেশিত দিশায় সমাজের অস্তিম ব্যক্তি পর্যন্ত সরকারের উন্নয়নমূলক কাজের সুফলগুলি পৌঁছে দিতে বর্তমান সরকার বদ্ধপরিকর। আজ আগরতলার উষাবাজারে দৈনিক ৮০ লক্ষ গ্যালন ক্ষমতাসম্পন্ন ভূগর্ভস্থ জল পরিশোধন প্ল্যান্টের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। উল্লেখ্য আমরুত প্রকল্পের অধীনে এই ভূগর্ভস্থ জল পরিশোধন প্ল্যান্টটি তৈরী করা হয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, জলের অপর নাম জীবন। জল ছাড়া আমাদের বাঁচা সম্ভব নয়। শহর এলাকার নাগরিকদের পানীয়জল সরবরাহের লক্ষ্যে রাজ্যে আমরুত প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। তিনি বলেন, এই জল পরিশোধন প্রকল্প বাস্তবায়ণে ৭৮ কোটি টাকা ব্যয় হয়েছে। প্রায় ৪ হাজার সুবিধাভোগী এর ফলে উপকৃত হবেন। মুখ্যমন্ত্রী সর্বসুবিধায়ুক্ত ভূগর্ভস্থ জল পরিশোধন প্রকল্পটির ব্যবস্থাপনা প্রত্যক্ষ করে সন্তোষ ব্যক্ত করেন। মুখ্যমন্ত্রী আগামীদিনে রাজ্যে এ ধরনের প্রকল্প গ্রহণের উপরও গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, দেশজুড়ে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পগুলির সুবিধা জনগণের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা হয়েছে। এই সংকল্প যাত্রার সাথে সাথে রাজ্যেও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযান শুরু হয়েছে। মূলতঃ সরকারের বিভিন্ন প্রকল্প ও পরিষেবা সমূহ জনগণের ঘরে ঘরে পৌঁছে দেওয়া এই সংকল্প যাত্রা ও অভিযানের উদ্দেশ্য। মুখ্যমন্ত্রী বলেন, উন্নয়নের সাথে জড়িয়ে আছে দেশের প্রধানমন্ত্রীর নাম। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি স্বচ্ছতার উপর বিশেষভাবে গুরুত্ব দিয়েছেন। বর্তমান রাজ্য সরকারও স্বচ্ছ নীতিতে বিশ্বাস করে। প্রতিটি ক্ষেত্রে স্বচ্ছ নীতি গ্রহণ করে সরকার কাজ করছে।

অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার বলেন, রাজ্যে মুখ্যমন্ত্রীর নেতৃত্বে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি প্রভৃতি ক্ষেত্রের পাশাপাশি পানীয়জল সরবরাহ সুনিশ্চিত করতে সরকার বিশেষভাবে গুরুত্ব দিয়েছে। সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস ও সবকা প্রয়াস নীতি হচ্ছে এই সরকারের মূল চালিকাশক্তি। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন প্রাক্তন বিধায়ক ডা. দিলীপ কুমার দাস, নগরোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং। স্বাগত বক্তব্য রাখেন নগরোন্নয়ন দপ্তরের অধিকর্তা রজত পণ্ডা। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের কর্পোরেটর শর্মিষ্ঠা বর্ধন, আগরতলা পুরনিগমের কমিশনার ডা. শৈলেশ কুমার যাদব। অনুষ্ঠানে ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন ত্রিপুরা জল বোর্ড ও নগর উন্নয়ন দপ্তরের মুখ্য বাস্তুকর শ্যামলাল ভৌমিক।

\*\*\*\*\*